গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা : ২৫১/২০১৭-১৮

ঢাকা, মঙ্গলবার, ২৬ জুন ২০১৮, ১২ আষাঢ় ১৪২৫

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। মন্ত্রিসভা বৈঠকে সড়ক দুর্ঘটনা রোধে প্রধানমন্ত্রীর ৬ নির্দেশনা
সার আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন

২। তুরস্কের পুনর্নির্বাচিত প্রেসিডেন্ট এরদোগানকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

৩। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের নৌবাহিনী প্রধানের সাক্ষাৎ

৪। পদ্মা সেতুর ৫৫ শতাংশ ভৌত কাজ সম্পন্ন : সংসদে সেতুমন্ত্রী

৫। বেলজিয়ামে বাণিজ্যমন্ত্রী : তৈরিপোশাকের উপযুক্ত মূল্য দিতে ক্রেতাগোষ্ঠীর প্রতি আহ্বান

৬। নতুন প্রজন্মকে যোগ্য ও দক্ষ করে গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী

৭। ইন্টারনেটের ওপর ভ্যাট ১০ শতাংশ কমছে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী

৮। গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন আজ

৯। মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী

চলমান পাতা-২

১। মন্ত্রিসভা বৈঠকে সড়ক দুর্ঘটনা রোধে প্রধানমন্ত্রীর ৬ নির্দেশনা
সার আইনের খসড়া চূড়ান্ত অনুমোদন

দূরপাল্লায় চালকদের যাতে একটানা পাঁচ ঘণ্টার বেশি গাড়ি চালাতে না হয় সেজন্য বিকল্প চালক রাখার নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। পাশাপাশি তিনি সড়কের পাশে বিশ্রামাগার তৈরি, সিগন্যাল মেনে চলা, অনিয়মতান্ত্রিক রাস্তা পারাপার বন্ধ করা, সিট বেল্ট বাঁধা এবং চালক ও তার সহকারীদের প্রশিক্ষণের ব্যবস্থা করার নির্দেশনা দিয়েছেন। সাম্প্রতিক সময়ে দেশে সড়ক দুর্ঘটনায় হতাহতের সংখ্যা বেড়ে যাওয়ার প্রেক্ষাপটে গতকাল (২৫ জুন সোমবার) সচিবালয়ে অনুষ্ঠিত মন্ত্রিসভা বৈঠকের শুরুতে প্রধানমন্ত্রী এসব নির্দেশনা দেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা বৈঠকে সভাপতিত্ব করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **ইনকিলাব** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.২), **ডেইলি স্টার** (পৃ.১,ক.২)।

নিবন্ধন ছাড়া সার ব্যবসার শাস্তি বাড়িয়ে 'সার (ব্যবস্থাপনা) সংশোধন আইন ২০১৮' এর খসড়ার চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। গতকাল (২৫ জুন সোমবার) সচিবালয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে মন্ত্রিসভার বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়। টি ২০ এশিয়া কাপে চ্যাম্পিয়ন হওয়ায় মহিলা ক্রিকেট দলকে মন্ত্রিসভা অভিনন্দন জানায়। এছাড়া 'জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষ আইন, ২০১৮' এর খসড়াও চূড়ান্ত অনুমোদন দিয়েছে মন্ত্রিসভা। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৭), **যায়যায়দিন** (পৃ.২,ক.৬), **ডেইলি সান** (পৃ.২,ক.৬), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.৫)।

২। তুরস্কের পুনর্নির্বাচিত প্রেসিডেন্ট এরদোগানকে রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা গতকাল (২৫ জুন সোমবার) তুরস্কের প্রেসিডেন্ট হিসেবে পুনর্নির্বাচিত হওয়ায় রিসেপ তাইপে এরদোগানকে অভিনন্দন জানিয়েছেন। তুর্কি প্রেসিডেন্টকে পাঠানো এক বার্তায় রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেন, তুরস্কের জনগণ তাদের প্রেসিডেন্ট হিসেবে আপনাকে পুনর্নির্বাচিত করায় আমি অত্যন্ত আনন্দিত। প্রধানমন্ত্রী শেখ হাসিনা তুরস্কের প্রেসিডেন্ট এরদোগানকে পাঠানো এক অভিনন্দন বার্তায় বলেন, এ খুশির মুহূর্তে আমি ব্যক্তিগতভাবে এবং আমার সরকার ও জনগণের পক্ষ থেকে আপনাকে অভিনন্দন জানাচ্ছি। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৮), **অবজারভার** (শেষ পৃ.,ক.৮)।

৩। রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে ভারতের নৌবাহিনী প্রধানের সাক্ষাৎ

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সাক্ষাৎ করেছেন ভারতের নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল সুনীল লাম্বা। গতকাল (২৫ জুন সোমবার) তিনি বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সাক্ষাৎ করেন। এ সময় রাষ্ট্রপতি বলেন, বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পর্ক অত্যন্ত চমৎকার। ভারতের নৌবাহিনী প্রধানের সফর দুই দেশের বিকাশমান সম্পর্কে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অ্যাডমিরাল লাম্বা গতকাল (২৫ জুন সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে তাঁর সরকারি বাসভবন গণভবনে সাক্ষাৎ করেন। এ সময় প্রধানমন্ত্রী উপকূলীয় নিরাপত্তা বিধানে বাংলাদেশ এবং ভারতীয় নৌবাহিনীর মধ্যে অভিজ্ঞতা বিনিময়ের ওপর গুরুত্ব আরোপ করেন। সূত্র-**সমকাল** (পৃ.২,ক.৫), **নিউ এজ** (পৃ.৩,ক.৪), **ডেইলি স্টার** (পৃ.৫,ক.১)।

৪। পদ্মা সেতুর ৫৫ শতাংশ ভৌত কাজ সম্পন্ন : সংসদে সেতুমন্ত্রী

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, পদ্মা সেতু প্রকল্পের ৫৫ শতাংশ ভৌত কাঠামোর কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। গতকাল (২৫ জুন সোমবার) দশম জাতীয় সংসদের ২১তম (বাজেট) অধিবেশনে এক প্রশ্নের জবাবে মন্ত্রী এ তথ্য জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (পৃ.২,ক.৩)।

৫। **বেলজিয়ামে বাণিজ্যমন্ত্রী : তৈরিপোশাকের উপযুক্ত মূল্য দিতে ক্রেতাগোষ্ঠীর প্রতি আহ্বান**

বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ বলেছেন, বাংলাদেশের তৈরিপোশাক কারখানাগুলো উন্নত করে গড়ে তোলা হয়েছে। বিল্ডিং ও ফায়ার সেফটি নিশ্চিত করা হয়েছে। উন্নত ও কর্মবান্ধব পরিবেশও নিশ্চিত করা হয়েছে। এ কাজে শিল্প মালিকরা বিপুল অর্থ বিনিয়োগ করেছেন। কিন্তু ক্রেতাপক্ষ সে অনুযায়ী তৈরিপোশাকের দাম বাড়াচ্ছে না। বাংলাদেশের তৈরিপোশাকের দাম বাড়ানো একান্ত প্রয়োজন। গতকাল (২৫ জুন সোমবার) বেলজিয়ামের রাজধানী ব্রাসেলসে সাসটেইনেবিলিটি কম্প্যাক্টের চতুর্থ পর্যালোচনা সভার উদ্বোধন অনুষ্ঠানে বক্তব্যদানকালে বাণিজ্যমন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.১), **আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.৫), । **ডেইলি স্টার** বিজনেস পাতা (পৃ.১,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১২,ক.১)।

৬। **নতুন প্রজন্মকে যোগ্য ও দক্ষ করে গড়ে তুলতে হবে : শিক্ষামন্ত্রী**

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, শিক্ষার মূল লক্ষ্য হচ্ছে নতুন প্রজন্মকে আধুনিক বাংলাদেশের নির্মাতা হিসেবে গড়ে তোলা। এজন্য নতুন প্রজন্মকে যোগ্য ও দক্ষ করে গড়ে তুলতে হবে। এখন শিক্ষা মানে দক্ষতা, প্রযুক্তি ও মানসম্মত শিক্ষা। গতকাল (২৫ জুন সোমবার) রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৭ ও ২০১৮ এর জাতীয় পর্যায়ের পুরস্কার বিতরণ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। অনুষ্ঠানে ২৫টি ক্যাটাগরিতে ১৮০ জন শিক্ষক, শিক্ষার্থী ও কর্মকর্তাকে পুরস্কৃত করা হয়। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.১), **এশিয়ান এজ** (পৃ.১,ক.৫), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.২)।

৭। **ইন্টারনেটের ওপর ভ্যাট ১০ শতাংশ কমছে : তথ্যপ্রযুক্তি মন্ত্রী**

ইন্টারনেট ব্যবহারে ভ্যাট ১০ শতাংশ কমছে। গতকাল (২৫ জুন সোমবার) অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে বৈঠকশেষে ইন্টারনেট ব্যবহারে ভ্যাট ১৫ শতাংশ থেকে ৫ শতাংশে কমিয়ে আনার কথা জানিয়েছেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী মোস্তাফা জব্বার। মন্ত্রী আরও জানান, মোবাইল হ্যান্ডসেট সংযোজন শিল্পের ক্ষেত্রে ১৫ শতাংশ ভ্যাট তুলে দিতেও সিদ্ধান্ত হয়েছে। চলতি বাজেট থেকেই তা কার্যকর হবে। সূত্র-**সমকাল** (পৃ.১,ক.১), **জনকণ্ঠ** (পৃ.১৮,ক.১)।

৮। **গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন আজ**

গাজীপুর সিটি কর্পোরেশন নির্বাচন আজ (২৬ জুন মঙ্গলবার)। সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত টানা ভোট গ্রহণ চলবে। গতকাল (২৫ জুন সোমবার) কেন্দ্রে কেন্দ্রে নির্বাচনী মালামাল পৌঁছে গেছে। প্রার্থী ও ভোটারদের নিরাপত্তায় মাঠে রয়েছেন আইনশৃঙ্খলা বাহিনীর প্রায় ১২ হাজার সদস্য। সূত্র–**যুগান্তর, জনকণ্ঠ, ইত্তেফাক ইন্ডিপেনডেন্ট, ডেইলি সান, নিউজ টুডে, এশিয়ান এজ, অবজারভার, নিউ নেশন**সহ অধিকাংশ পত্রিকা এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

৯। **মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস আজ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর বাণী**

আজ (২৬ জুন মঙ্গলবার) মাদকদ্রব্যের অপব্যবহার ও অবৈধ পাচারবিরোধী আন্তর্জাতিক দিবস। বিশ্বের অন্যান্য দেশের ন্যায় বাংলাদেশেও দিবসটি পালিত হচ্ছে। দিবসটি উদ্‌যাপন উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৩), **ইত্তেফাক** (শেষ পৃ.,ক.২), **নিউ নেশন** (পৃ.৩,ক.৫), **নিউজ টুডে** (পৃ.২,ক.৫)।

সম্পাদকীয়

ক. **বণিক বার্তা :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২০১৭-১৮ অর্থবছরের বাজেটে গবেষণাখাতে বরাদ্দকৃত ১৪ কোটি টাকার মধ্যে বছর শেষে মাত্র ৮ কোটি ৪২ লাখ টাকা ব্যয় হয়েছে উল্লেখ করে মানসম্পন্ন উচ্চশিক্ষা নিশ্চিত করতে বরাদ্দকৃত অর্থের সদ্ব্যবহার করার ওপর গুরুত্বারোপ।

খ. **সংবাদ, ভোরের কাগজ, প্রথম আলো :** ভয়াবহ দূষণের কবলে পড়ে চট্টগ্রামের হালদা নদীতে গত কয়েকদিনে ১৫ কিলোমিটার এলাকাজুড়ে মরে ভেসে উঠছে হাজার হাজার মাছ–এ তথ্যে উদ্বেগ প্রকাশ করে হালদার দূষণ রোধে জোরালো পদক্ষেপ নেওয়া হবে বলে প্রত্যাশা ব্যক্ত।

গ. **সমকাল :** পুলিশ-র‍্যাবের মাদকবিরোধী সর্বাত্মক অভিযানকে সব শ্রেণি-পেশার মানুষ স্বাগত জানিয়েছে উল্লেখ করে মাদক ব্যবসার প্রকৃত হোতাদের কঠোর দণ্ড নিশ্চিত করার ওপর গুরুত্বারোপ।

ঘ. **ইত্তেফাক :** দীর্ঘদিন ধরে একই কর্মস্থলে থাকা শিক্ষকদের মধ্যে কোচিং বাণিজ্যে জড়িয়ে পড়ার প্রবণতা রয়েছে-এমন সকল শিক্ষকের বদলির কার্যক্রম চলছে শিক্ষামন্ত্রীর এ বক্তব্য কোচিং বাণিজ্য বন্ধে সহায়ক হবে বলে মন্তব্য।

ঙ. **যায়যায়দিন** : গত ২৫ বছরে ইউরোপের উদ্দেশ্যে ভূমধ্যসাগর পাড়ি দেওয়ার চেষ্টাকালে ৩৪ হাজার লোকের মৃত্যু হয়েছে যাদের মধ্যে অনেক বাংলাদেশিও আছে উল্লেখ করে সংশ্লিষ্টরা কার্যকর পদক্ষেপ গ্রহণের মধ্য দিয়ে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তি রোধ করবে বলে প্রত্যাশা ব্যক্ত।

চ. **ইন্ডিপেনডেন্ট :** সড়ক দুর্ঘটনায় প্রাণহানির ঘটনা বাড়ায় উদ্বেগ প্রকাশ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ কামনা।

ছ. **ডেইলি স্টার :** মাতৃত্বকালীন জটিলতায় প্রতিদিন ১৫ জন মায়ের মৃত্যু ঘটে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ার কথা উল্লেখ করে এ ধরনের পরিস্থিতি রোধে যথাযথ স্বাস্থ্যসেবা প্রদানের পাশাপাশি সচেতনতা বৃদ্ধির আহ্বান জানিয়ে সম্পাদকীয় প্রকাশ।

উপসম্পাদকীয়

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, আগামী দিনের উন্নত বাংলাদেশ নির্মাণের লক্ষ্যে এখন থেকেই আমাদের আরও সম্মুখমুখী, দূরদর্শী নীতি সমর্থন দিয়ে দেশি-বিদেশি উদ্যোক্তাদের সহায়তা করতে হবে।

নিবন্ধ ও ফিচার

আলোকিত বাংলাদেশ পত্রিকায় প্রকাশিত **'মাদক পরিহার করুন-স্বাস্থ্য নিয়ে ভাবুন'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, সমাজ, দেশ ও জাতিকে সুস্থ রাখতে হলে ছেলে মেয়েরা যাতে মাদকাসক্ত না হয়, সে বিষয়ে প্রতিটি নাগরিকের সচেতন হওয়া উচিত।

#

ফাহিমা/সাঈদা/রশীদ/তানিয়া/২০১৮/৯.০০ঘন্টা